

অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় বিচারকের আদালত
আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা

উপস্থিত বিচারক মহাশয় - শ্রী সুনীল কুমার শর্মা (J.O. CODE - WB1013)
অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় বিচারক

এ. সি:- ৩৪২৪ /২০২৪

C.N.R NO- WBSPO5 - 008456 -2024

আদেশ দানের তারিখ:- ইংরাজী ১৪/০১/২০২৫

অভিযোগকারিনী কতৃক পদক্ষেপ দাখিল এবং মামলায় উপস্থিতির জন্য মামলার নথিটির তারিখ ধার্য আছে।

অভিযোগকারিনী সম্প্রীতি বিশ্বাস মামলার প্রতিপক্ষ বিকাশ আগরওয়ালের বিরুদ্ধে হস্তান্তর যোগ্য লেখ্য আইনের ১৩৮ ধারার বিধান মোতাবেক একটি মামলা দাখিল করেছেন।

অভিযোগকারিনী ব্যক্তিগত ভাবে আদালতে উপস্থিত আছেন।

দাখিলী দরখাস্তের সংগে ওকালতনামা, Affidavit -in Chief , এবং প্রাসংগিক দস্তাবেজাদির আলোকলিপি দাখিল করা হয়েছে।

অভিযোগকারিনীর নিয়োজিত মাননীয় আইনজীবীর বক্তব্য শোনা হল।

মামলার অভিযোগকারিনী সম্প্রীতি বিশ্বাসের প্রাথমিক এজাহার গ্রহন করা হল।

অভিযোগকারিনীর দাখিলী দরখাস্ত , প্রাথমিক এজাহার এবং তৎসহ মামলার নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হল।

বিবেচনা করা হল।

নালিশী দরখাস্তের বিষয়বস্তু এবং অভিযোগকারিনীর প্রাথমিক এজাহার পর্যালোচনা পূর্বক আদালত এইমর্মে সিদ্ধান্ত গ্রহন করছেন যে, আপাতদৃষ্টিতে প্রতিপক্ষ বিকাশ আগরওয়ালের বিরুদ্ধে হস্তান্তর যোগ্য লেখ্য আইনের ১৩৮ ধারার বিধান মোতাবেক মামলা প্রতিপাদিত (Case made out) হয়েছে।

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা - ২০২৩ -র বিধান অনুসারে সমন প্রেরণের পূর্বে প্রতিপক্ষকে Pre cognizance Notice প্রদানের নির্দেশ প্রদান করা হয়েছে। এমতাবস্থায় মামলাটির Cognizance গ্রহন করা হলনা।

এ. সি:- ৩৪২৪ / ২০২৪

(২)

অতএব,

আদেশ

হল যে -দাখিলী মামলার প্রতিপক্ষ বিকাশ আগরওয়াল-কে Pre cognizance Notice প্রেরণ করবার জন্য নির্দেশ দেওয়া হল ।

অভিযোগকারিনীকে আবশ্যকীয় Requisite দাখিল করবার জন্য নির্দেশ দেওয়া হল ।

ইংরাজী ০৭/০৩/২০২৫ তারিখ নোটিশ জারীর প্রতিবেদন ফেরৎ এবং প্রতিপক্ষ বিকাশ আগরওয়ালের আদালতে হাজিরার জন্য তারিখ নির্ধারণ করা হল ।

আদালতের আদেশানুসারে লিখিত এবং সংশোধিত

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় বিচারক
আলিপুর

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় বিচারক
আলিপুর